



প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ২৯/০৬/২০২১

## আন্তর্জাতিক সাইবার নিরাপত্তা সূচকে বাংলাদেশের ২৫ ধাপ উন্নতি

আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিউ) করা আন্তর্জাতিক সাইবার নিরাপত্তা সূচক-২০২০ এ ২৫ ধাপ উন্নতি হয়েছে বাংলাদেশের।

বিশ্বের ১৯৪টি দেশের সাইবার নিরাপত্তায় গৃহীত আইনী ব্যবস্থা, প্রযুক্তিগত দক্ষতা, সাংগঠনিক ব্যবস্থা, সক্ষমতা বৃদ্ধি এবং পারস্পরিক সহযোগিতার উপর ভিত্তি করে তৈরী করা সূচকে বাংলাদেশ এবার ৮১.২৭ নম্বর পেয়ে ৫৩তম স্থানে উঠে এসেছে। আগে এ সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ৭৮তম।

আইটিউ-এর ওয়েবসাইটে প্রকাশিত সর্বশেষ সূচকে ১০০ স্কোর নিয়ে সবচেয়ে ভালো অবস্থায় আছে যুক্তরাষ্ট্র। এরপর ৯৯ দশমিক ৫৪ সমসংখ্যক স্কোর নিয়ে যথাক্রমে দ্বিতীয় অবস্থানে রয়েছে যুক্তরাজ্য ও সৌদিআরব এবং ৯৯ দশমিক ৪৮ নম্বর নিয়ে তৃতীয় স্থানে আছে এস্তোনিয়া।

এশিয়া প্যাসিফিক অঞ্চলে বাংলাদেশের অবস্থান ১১তম। ৯৮.৫২ স্কোর নিয়ে এই অঞ্চলে প্রথম অবস্থানে আছে কোরিয়া। ভারত আছে ৪ নম্বর অবস্থানে। চীনের অবস্থান ৮ নম্বরে এবং পাকিস্থানের অবস্থান ১৪ নম্বরে।

বাংলাদেশের সরকারের সাইবার সিকিউরিটি নিয়ে কাজ করা বিজিডি ই-গভ সার্ট এর প্রকল্প পরিচালক তারেক এম বরকতউল্লাহ বলেন, “এটা সাইবার নিরাপত্তা বিধানে বাংলাদেশের ধারাবাহিক সক্ষমতারই প্রতিফলন, যা ভবিষ্যতে আরো দক্ষতার সাথে সাইবার হামলা প্রতিহত করতে উৎসাহিত করবে”।

তারেক এম বরকতউল্লাহ  
প্রকল্প পরিচালক  
BGD e-GOV CIRT এর সক্ষমতা বৃদ্ধি প্রকল্প  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
আইসিটি ডিভিশন, MOPT & IT